

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা
১৫২/১, এস ইসলাম পার্ক ভিউ, পার্ক রোড, ছোটরা, কুমিল্লা
www.cevccomilla.gov.bd

মুসক অব্যাহতির প্রত্যয়নপত্র

জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এস.আর. ও নং- ১৮৮-আইন/২০১৯/৪৫-মুসক, তারিখ: ১৩/০৬/২০১৯ খ্রিঃ ও সংশোধিত এস.আর.ও নং-১৩৩-আইন/২০২৬/৩৩৮, তারিখ: ০৭/০৬/২০২৬ খ্রিঃ এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং- ২০/মুসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯ খ্রিঃ এ প্রদত্ত ক্ষমতাবলে এই দপ্তরের অধিক্ষেত্রে অবস্থিত মূল্য সংযোজন কর নিবন্ধিত এবং শতভাগ রপ্তানিমুখী প্রতিষ্ঠান হিসাবে ঘোষিত জায়ান্ট (বিডি) লিমিটেড, প্লট নং-৫১-৫৪, কুমিল্লা ইপিজেড, কুমিল্লা (মুসক নিবন্ধন নম্বর- ০০০৯৩২৯৫৯-০৬০১) নামীয় প্রতিষ্ঠানকে তাঁদের গত ১৫/০৯/২০২৬ খ্রিঃ তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানি কাজে ব্যবহৃত বিদ্যুৎ মিটার নং-১৫৩৫২০২১ ও পানি মিটার নং-২২০৫০০৩৫ এর বিলের উপর আরোপনীয় মূল্য সংযোজন কর হতে নিম্ন বর্ণিত হারে মুসক অব্যাহতির জন্য আদেশ দেয়া হলো।

নামকরণ কোড/সেবার কোড	পণ্য/সেবার বিবরণ	মূল্য সংযোজন কর অব্যাহতির হার
S০৫৭.০০	বিদ্যুৎ বিতরণকারী	১০০ (একশত) শতাংশ
S০২৫.০০	পানি সরবরাহ	১০০ (একশত) শতাংশ

শর্তাবলি:

- এ অব্যাহতির আদেশ সেপ্টেম্বর/২০২৬ মাসের বিল থেকে কার্যকর হবে এবং আগস্ট/২০২৭ মাস পর্যন্ত বহাল থাকবে;
 - উল্লিখিত বিদ্যুৎ ও পানি মিটার আলোচ্য প্রতিষ্ঠানের নামে বরাদ্দকৃত থাকতে হবে এবং প্রতিষ্ঠানের নিবন্ধিত অঙ্গানে/অফিসে সংস্থাপিত থাকতে হবে;
 - প্রতিষ্ঠান সংলগ্ন আবাসিক ভবন ও রেন্ট হাউসে কোন অবস্থাতেই মুসক অব্যাহতির সুযোগ গ্রহণ করা যাবে না;
 - বর্ণিত বিদ্যুৎ ও পানি সেবা সংশ্লিষ্ট শিল্পে রপ্তানি সহায়ক কাজে ব্যবহৃত হতে হবে;
 - এ আদেশের আওতায় প্রতি মাসের অব্যাহতি প্রাপ্ত মুসক সংশ্লিষ্ট তথ্য উপরে বর্ণিত সাধারণ আদেশের 'পরিশিষ্ট-ক' এর ছক মোতাবেক সংশ্লিষ্ট দলিলাদিসহ স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে দাখিল করতে হবে;
 - প্রতি মাসে দাখিলপত্রের সাথে PRC-র কপি স্থানীয় মুসক কার্যালয়ে দাখিল করতে হবে;
 - উপর্যুক্ত সাধারণ আদেশের বিধানাবলি যথাযথভাবে পরিপালনে ব্যর্থ হলে অব্যাহতির সুবিধা বাতিল করা হবে।
- ২। প্রতিষ্ঠান কর্তৃক উপস্থাপিত তথ্য ও প্রমাণকের ভিত্তিতে এই প্রত্যয়নপত্র প্রদান করা হলো। পরবর্তী সময়ে উপস্থাপিত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে কিংবা কোন তথ্য অসত্য বলে প্রমাণিত হলে এই অব্যাহতির সুবিধা বাতিলসহ প্রতিষ্ঠানটির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


৩০/৯/২০২৬

মো: আব্দুল মান্নান সরদার
কমিশনার (চলতি দায়িত্ব)

ফোনঃ ০২-৩৩৪৪৪৮১০১

E-mail: cevccomilla@gmail.com


স্মারক নম্বর: ৪র্থ/এ-১২(৪৫৮)মুসক/জায়ান্ট বিডি/মুঃঅব্যাঃ/কুঃকমিঃ/২৬/ ৪২০০(৭)

তারিখ: ০২ সেপ্টেম্বর, ২০২৬
আম্বিন ১৪৩৩
২/৯/২৬

জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নির্বাহী প্রকৌশলী, কুমিল্লা ইপিজেড কর্তৃপক্ষ, কুমিল্লা বিমানবন্দর এলাকা, কুমিল্লা।
- ২। পরিচালক (অর্থ ও হিসাব), কুমিল্লা ইপিজেড কর্তৃপক্ষ, কুমিল্লা বিমানবন্দর এলাকা, কুমিল্লা।
- ৩। নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-২, বিউবো, বালুতুপা, কুমিল্লা।
- ৪। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, কুমিল্লা।
- ৫। সহকারী প্রোগ্রামার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা। আপনাকে প্রত্যয়নপত্রটি এ দপ্তরের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ৬। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, সদর সার্কেল, কুমিল্লা। আপনাকে প্রতি মাসে দাখিলপত্রের সাথে 'পরিশিষ্ট-ক' ও PRC-র কপি দাখিলের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- ৭। ব্যবস্থাপনা পরিচালক, জায়ান্ট (বিডি) লিমিটেড, প্লট নং-৫১-৫৪, কুমিল্লা ইপিজেড, কুমিল্লা।

০/৮


30.09.26.
রাবেয়া বেগম
রাজস্ব কর্মকর্তা (চ:দা:)
৫৮.